তারিখ ... 7/2/83 ... ...
পৃষ্ঠা ... ... ... ... ...

দৈনিক বাংলা



# সিরাজগঞ্জে প্রাইমারী স্কুল উন্নয়নে ৩৮ লাখ টাকা বরাদ্দ

(নিজস্ব সংবাদদাতা)

সিরাজগঞ্জ ৫ই ফেব্রুয়ারী।— সিরাজগঞ্জ মহকুমার ছয়টি থানায় একশ সাতানব্বইটি প্রাথমিক বিদ্যালয়ের মেরামতের জন্য সাড়ে আটত্রিশ লাখেরও বেশী টাকা মঞ্জুর করা হয়েছে।

মহকুমার তিনটি থানার প্রাথমিক বিদ্যালয়গুলোর জন্য কোন টাকা এখনও পাওয়া যায়নি। এ থানাগুলো হচ্ছে কাজিপুর, কামারখন্দ এবং চৌহালী। তবে আশা করা হচ্ছে এসব থানার বিদ্যালয়গুলোও মেরামত কাজের জন্য প্রয়োজনীয় টাকা পাবে।

যে ছয়টি থানার বিদ্যালয়গুলো মেরামতের জন্য অর্থ লাভ করেছে। সেগুলো হচ্ছে সিরাজগঞ্জ শাহজাদপুর, উল্লাপাড়া রায়গঞ্জ তাড়াশ এবং বেলকুচি। এখানে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ছয়শ ছেচল্লিশ, এর মধ্যে উন্নয়ন কর্মসূচীতে অন্তর্ভুক্ত হয়েছে একশ সাতানব্বই।

মঞ্জুরীকৃত আটত্রিশ লাখ আটান্ন হাজার পাঁচশ দশ টাকার মধ্যে সিরাজগঞ্জ থানার সাতচল্লিশটি বিদ্যালয় পেয়েছে নয় লাখ বিয়াল্লিশ হাজার পাঁচশ আটানব্বই টাকা শাহজাদপুর থানার উনচল্লিশটি বিদ্যালয় পেয়েছে সাত লাখ তেষট্টি হাজার ছয়শ তিরানব্বই টাকা, উল্লাপাড়া থানার সাতচল্লিশটি বিদ্যালয়কে দেয়া হয়েছে নয় লাখ সতেরো হাজার আটশ টাকা।

বরাদ্দকৃত অর্থের মধ্যে রায়গঞ্জ থানার ছাব্বিশটি প্রাথমিক বিদ্যালয় পেয়েছে চার লাখ সাতষট্টি হাজার সাতশ টাকা। তাড়াশ থানার

(৩-এর পৃঃ দ্রঃ)

## টাকা বরাদ্দ

(৭ এর পৃঃ পর)

তেরোটি বিদ্যালয় পেয়েছে দু লাখ বিয়াল্লিশ হাজার ছয়শ তিন টাকা এবং বেলকুচি থানার পঁচিশটি বিদ্যালয় পেয়েছে পাঁচ লাখ চব্বিশ হাজার ছেচল্লিশ টাকা।

জানা গেছে প্রাথমিক বিদ্যালয়গুলো প্রত্যেকটি পাঁচ থেকে বিশ বাইশ হাজার টাকা লাভ করেছে।